মেহেরপুরে দিনভর অভিযান – ৩ ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুরের দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ রাখতে দিন ভর অভিযান চালিয়েছে প্রশাসন।

রবিবার সকাল থেকে মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন বাজারে সহকারী কমিশনার (ভূমি) মাইনউদ্দিন এর নেতৃত্বে অভিযান চালানো হয়।

এসময় মূল্য বেশি নেওয়ার অভিযোগে ৩ ব্যবসায়ীর নিকট থেকে ২৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

মেহেরপুর বড়বাজার এলাকায় বাজার মনিটরিং করার সময় চাউল ও পেঁয়াজের মূল্য বেশি রাখায় ভোক্তা অধিকার আইনের ৪০ ধারায় চাউল ব্যবসায়ী বড় বাজারের আবদুস সাত্তারের ছেলে হাফিজুল এর কাছ থেকে ১০ হাজার টাকা এবং পেঁয়াজের বেশি দামে বিক্রি করায় ফকির মোহাম্মদের ছেলে রকিবুলের কাছ থেকে ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

সেখান থেকে ফিরে মেহেরপুর হোটেল বাজারে অভিযান চালানো হয়। সেখানে কোন ব্যবসয়ীকে জরিমানা করা না হলেও সতর্ক করা হয় সবাইকে। সেই সাথে প্রতিটি পণ্যের মূল্য তালিকা টাঙানোর নির্দেশ দেন সহকারী কমিশনার মাইনউদ্দিন।

পরে আমঝুপি বাজারে অভিযান চালানো হয়। আমঝুপি বাজারের চাল ব্যবসায়ী আমজাদ হোসেন কে বেশি দামে চাল বিক্রি করায় ১০ হাজার টাকা জরিমানা করা হয়।
সেই সাথে ব্যবসায়ীদের সতর্ক করা হয়।

এসময় উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, হোটেল বাজার ব্যাবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান, জেলা বাজার মনিটরিং কর্মকর্তা রতন কুমার রায়।

মেপ্র/এমএফআর

করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা ও বাজার মনিটরিংয়ে গাংনী উপজেলা চেয়ারম্যান

করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা ও ভোগ্য পণ্যের বাজার পরিস্থিতি মনিটরিং করেছে মেহেরপুরের গাংনী উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক।

গতকাল শনিবার বিকাল ৫ টায় গাংনী বাজারের বিভিন্ন স্থানে লিফলেট ও চা দোকানিদের মাঝে লবন বিতরণ করেন। এসময় করোনা প্রতিরোধে সকলকে সতর্ক থাকার আহবান জানান।

এসময় পৌর মেয়র আশরাফুল ইসলাম, ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, শহর আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু, সম্পাদক আনারুল ইসলাম বাবু, পৌর কাউন্সিলর মিজানুর রহমান, ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, ছাত্রলীগ নেতা ইমরান হাবিব, আসিফ ইকবাল অনিক উপস্থিত ছিলেন।

মেহেরপুরে করোনা আতঙ্কে প্রভাব পড়ছে গণ পরিবহন ও দিন মজুরের উপর

করোনা আতঙ্ক বিরাজ করছে মেহেরপুরের সাধারণ মানুষের মধ্যে। যদিও এখন পর্যন্ত মেহেরপুরের কেউ এই ভাইরাসে আক্রান্ত হওয়ার খবর পাওয়া যায়নি। তারপর অজানা আতঙ্ক বিরাজ করছে জনমনে। স্বাভাবিক জীবনযাত্রায় কিছুটা হলেও এর প্রভাব পড়েছে। অন্যদিনের তুলনায়

গতকাল শনিবার মেহেরপুরের প্রায় সব জায়গায় লোক সমাগম ছিল তুলনা মূলক অনেক কম। দোকানপাট স্বাভাবিক নিয়মে খোলা থাকলেও ক্রেতা সমাগম ছিল বেশ কম।

মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগ ও জেলা প্রশাসন থেকে আতঙ্কিত না হয়ে সচেতন হওয়ার আহবান জানানো হচ্ছে বার বার। সেই সাথে করোনা মোকাবেলাই সব ধরনের প্রস্তুতি গ্রহন করা করেছে বলে দাবি স্বাস্থ্য বিভাগ ও জেলা প্রশাসনের।

এ পর্যন্ত সারা দেশে ২৪ জন করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে এবং ২ জনের মৃত্যু হয়েছে এবং ৩ জন সুস্থ্য হয়ে বাড়ি ফিরেছে।

মেহেরপুরে কোন করোনায় আক্রান্ত হওয়ার খবর না পাওয়া গেলেও ১১৫ জন প্রবাসীকে হোম কোয়ারেন্টিনে রাখা হয়েছে। এদের মধ্যে ৫ জনকে ১৪ দিন পার হওয়ায় রিলিজ দেওয়া হয়েছে। সেই সাথে নতুন করে যে সব প্রবাসী মেহেরপুরে প্রবেশ করছে তাদের সনাক্ত করার চেষ্টা করছে জেলা প্রশাসন।

মেহেরপুরের করোনা আতঙ্কের প্রভাব পড়েছে গণ পরিবহন ও দিন মজুরের উপর। শহরের বাস টার্মিনাল ও অটো ইজবাইক স্ট্যান্ড গুলোতে গিয়ে দেখা যায় অনেকটা ফাঁকা। দুরপাল্লার বাস গুলোতেও যাত্রী ছিল খুবই কম। এছাড়াও দিন মজুর যারা আছে তাদের কাজের অভাব দেখা দিয়েছে। অনেক দিন মজুরকে কাজ না পেয়ে বাড়ি ফিরে যেতে দেখা যায়।

এদিকে করোনা আতঙ্কে বাজার মূল্য স্বাখাবিক রাখতে নিয়মিত অভিযান চালাচ্ছে প্রশাসনের কর্মকর্তারা। গতকাল শনিবার মেহেরপুরের বিভিন্ন জায়গায় নির্বাহী অফিসার অভিযান চালিয়ে বেশ কয়েকজন ব্যবসায়ীকে জরিমানা করেছে। এছাড়াও বেশ কয়েকজন ব্যবসায়ীকে সতর্ক করে দেওয়া হয়েছে।

জেলা সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন মেহেরপুরে করোনা নিয়ে আতঙ্কিত না হওয়ার পরামর্শ দেন। এছাড়াও তিনি জানান, মেহেরপুরে কোন করোনা রোগীর সন্ধান পাওয়া যায়নি। তবে ১১৫ জন প্রবাসীকে হোম কোরায়েন্টিনে রাখা হয়েছে।

জেলা প্রশাসক আতাউল গনি জানান, করোনা মোকাবেলাই আমরা সব ধরনের প্রস্তুতি গ্রহন করেছি। যারা বিদেশ থেকে বাড়ি ফিরছে তাদের নিবিড় পর্যবেক্ষণে রাখা হচ্ছে।

এছাড়াও করোনা আতঙ্কে নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য স্বাভাবিক রাখতে তিন উপজেলার নির্বাহী অফিসারদের নির্দেশ দেওয়া হয়েছে। দ্রব্যমূল্য স্বাভাবিক রাখতে তারা নিয়মিত অভিযান পরিচালনা করছে।

মেহেরপুরে করোনার জনসচেতনামূলক লিফলেট বিতরণ

নোবেল করোনা ভাইরাস থেকে বাঁচতে হবে কি করলে ভাইরাসটি হবে না লক্ষণ কি কিভাবে ছড়ায়। করণীয় ভাইরাস টি হলে কি কি পদক্ষেপ গ্রহণ করতে হবে এসব কর্মসূচি নিয়েই গর্জে ওঠো মেহেরপুর সমাজ কল্যাণ সংগঠন থেকে লিফলেট বিতরণ করা হয়।

গর্জে ওঠো মেহেরপুর সমাজ কল্যাণ সংগঠন এর উদ্যোগে জনসচেতনামূলক লিফলেট বিতরণ, কর্মসূচিতে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি মো: বিপ্লব রেজা, সাধারণ সম্পাদক রলিপ হাসান, সাংগঠনিক সম্পাদক আফিফ, সহ-অর্থ সম্পাদক মুনা, মো: অনিক, মো: মাসুম বিল্লাহ, মো: ছামি, মো: আবিদ, মো: হাবিব, মো: তুষার, মো: নাইমুল ইসলাম, সিয়াম, মো: আপন, মোছা: বন্যা পারভিন, মো: সিহাব প্রমুখ।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে হাত ধোয়া বেসিনের উদ্বোধন

করোনা মোকাবেলায় সব ধরনের প্রস্তুতি গ্রহন করেছে মেহেরপুর পৌরসভা। এরই ধারাবহিকতায় পৌর চত্তরে বসানো হয়েছে হাত ধোয়া বেসিন।

গতকাল শনিবার মেয়র মাহফুজুর রহমান রিটন এই বেসিনের উদ্বোধন করেন। পৌর কর্মকর্তা-কর্মচারী ও পৌর সভায় সেবা পেতে সকল নাগরিক

পরিষ্কায় পরিছন্ন হয়ে পৌরসভায় প্রবেশ করতে পারে সেজন্য এই বেসিন নির্মান করা হয়েছে।

পৌর কাউন্সিলর ও পৌর কর্মকর্তা-কর্মচারী এসময় উপস্থিত ছিলেন।

দাওয়াতিদের বাড়িতে খাবার প্যাকেট বিতরণ মেহেরপুরে সুন্নতে খৎনার অনুষ্ঠান পন্ড

মেহেরপুরে করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষা পেতে সুন্নতে খৎনার অনুষ্ঠান পন্ড করে দিয়েছে পুলিশ।
গতকাল শনিবার সকাল ৯টার দিকে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল সদর উপজেলার দক্ষিণ শালীকা গ্রামে অভিযান চালিয়ে এ অনুষ্ঠান পন্ড করে।

জানা গেছে, মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মরুহুম খেদের আলী মন্ডলের ছেলে আলমগীর হোসেন তার ছেলের সুন্নতে খৎনা উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠান উপলক্ষে প্রায় হাজার খানেক আত্মীয় স্বজনকে দাওয়াত দেওয়া হয়।

কিন্তু করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষার জন্য পুলিশ খবর পেয়ে সেখানে গিয়ে অনুষ্ঠানের প্যান্ডেল অপসারণ করে এবং গণজমায়েত না করার নির্দেশ দেয়। পরে আয়োজনকারী শহর থেকে প্যাকেট কিনে খাবার দাওয়াত করা লোকজনের বাড়ি বাড়ি গিয়ে বিতরণ করেন।

স্থানীয় ইউপি সদস্য আলমগীর হোসেন জানান, যেহেতু এটি পুর্বের পরিকল্পনা অনুযায়ী আয়োজন ছিল। তারপরও করোনা ভাইরাসের কারণে প্যান্ডেল অপসারণ করে খাবার প্যাকেটজাত করে দাওয়াতি লোকজনের বাড়িতে বাড়িতে খাবার পাঠিয়ে দেওয়া হয়েছে।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বলেন, খবর পেয়ে পুলিশ পাঠিয়ে তাদের গণজমায়েত না করার অনুরোধ করলে তারা প্যান্ডেল সরিয়ে ফেলে। প্যাকেট করে খাবার পরিবেশনের পরামর্শ দেওয়া হলে তারা

সেভাবেই খাবার বিতরণ করেন।

এছাড়াও মুজিবনগর উপজেলার যতারপুরে আজ রবিবার আরো একটি সুন্নতে খৎনার অনুষ্ঠান হওয়ার কথা ছিলো সেটিও পন্ড করেছে উপজেলা প্রশাসন।

মেহেরপুরে ১১৫ জন হোম কোয়ারেন্টিনে, নতুন ২৯

বিভিন্ন দেশ থেকে আসা নতুন ২৯ জনসহ ১১৫ জন প্রবাসীকে মেহেরপুরে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে।

গতকাল শনিবার দুপুরে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দীন এ তথ্য জানান।

তিনি আরো জানান, চলতি মাসে মেহেরপুরে ১৪৪৭ জন প্রবাসী ফিরেছেন। তাদের সনাক্ত করার কাজ বেশ জটিল। তারপরও আমরা সকলকে বোঝানোর চেষ্টা করছি তারা যেন হোম কায়ারেন্টিনে থাকে।

মেহেরপুরে করোনার জনসচেতনামূলক লিফলেট বিতরণ

নোবেল করোনা ভাইরাস থেকে বাঁচতে হবে কি করলে ভাইরাসটি হবে না লক্ষণ কি কিভাবে ছড়ায়। করণীয় ভাইরাস টি হলে কি কি পদক্ষেপ গ্রহণ করতে হবে এসব কর্মসূচি নিয়েই গর্জে ওঠো মেহেরপুর সমাজ কল্যাণ সংগঠন থেকে লিফলেট বিতরণ করা হয়।

গর্জে ওঠো মেহেরপুর সমাজ কল্যাণ সংগঠন এর উদ্যোগে জনসচেতনামূলক

লিফলেট বিতরণ, কর্মসূচিতে উপস্থিত ছিলেন সংগঠনের – সভাপতি মোঃ বিপ্লব রেজা, সাধারণ সম্পাদক: রলিপ হাসান, সাংগঠনিক সম্পাদক: আফিফ, সহ-অর্থ সম্পাদক: মুনা, মোঃ অনিক, মোঃ মাসুম বিল্লাহ, মোঃ স্বামী, মোঃ আবিদ, মোঃ হাবিব, মোঃ তুসার, মোঃ নাইমুল ইসলাম, সিয়াম, মোঃ আপন, মোছাঃ বন্যা পারভিন, মো: সিহাব।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে হাত ধোয়া বেসিনের উদ্বোধন

করোনা মোকাবেলায় সব ধরনের প্রস্তুতি গ্রহন করেছে মেহেরপুর পৌরসভা। এরই ধারাবহিকতায় পৌর চত্তরে বসানো হয়েছে হাত ধোয়া বেসিন।

আজ শনিবার মেয়র মাহফুজুর রহমান রিটন এই বেসিনের উদ্বোধন করেন। পৌর কর্মকর্তা-কর্মচারি ও পৌর সভায় সেবা পেতে সকল নাগরিগ পরিষ্কায় পরিছন্ন হয়ে পৌরসভায় প্রবেশ করতে পারে সেজন্য এই বেসিন নির্মান করা হয়েছে।

পৌর কাউন্সিলর ও পৌর কর্মকর্তা-কর্মচারি এসময় উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সুন্নতে খৎনার অনুষ্ঠান পন্ড

মেহেরপুরে করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষা পেতে সন্নতে খৎনার অনুষ্ঠান পন্ড করে দিয়েছে পুলিশ।
শনিবার সকাল ৯টার দিকে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল সদর উপজেলার দক্ষিণ শালীকা গ্রামে অভিযান চালিয়ে এ অনুষ্ঠান পন্ড করে।

জানা গেছে, মেহেরপুর সদও উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মরুহুম খেদেও আলী মন্ডলের ছেলে আলমগীর হোসেন তার ছেলের সুন্নতে খৎনা উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠান উপলক্ষে প্রায় হাজার খানেক আত্মীয় স্বজনকে দাওয়াত দেওয়া হয়। কিন্তু করোনা ভাইরাসের সংক্রমন থেকে রক্ষার জন্য পুলিশ খবর পেয়ে সেখানে গিয়ে অনুষ্ঠানের প্যান্ডেল অপসারণ করে এবং গণজমায়েত না করার নির্দেশ দেয়। পরে আয়োজনকারী শহর থেকে প্যাকেট কিনে খাবার দাওয়াত করা লোকজনের বাড়ি বাড়ি গিয়ে বিতরণ করেন।

স্থানীয় উপপি সদস্য আলমগীর হোসেন জানান, যেহেতু এটি পুর্বের পরিকল্পনা অনুযায়ী আয়োজন ছিল। তারপরও করোনা ভাইরাসের কারণে প্যান্ডেল অপসারণ করে খাবার প্যাকেটজাত কেও দাওয়াতি লোকজনের বাড়িতে বাড়িতে খাবার পাঠিয়ে দেওয়া হয়েছে।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বলেন, খবর পেয়ে পুলিশ পাঠিয়ে তাদের গণজমায়েত না করার অনুরোধ করলে তারা প্যান্ডেল সরিয়ে ফেলে। প্যাকেট করে খাবার পরিবেশনের পরামর্শ দেওয়া হলে তারা সেভাবেই খাবার বিতরণ করেন।
এছাড়াও মুজিবনগর উপজেলার যতারপুরে (আজ) রবিবার আরো একটি সুন্নতে খৎনার অনুষ্ঠান পন্ড করেছে উপজেলা প্রশাসন।